

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৩০

আগরতলা, ২ অক্টোবর, ২০২৪

মহারাজগঞ্জ বাজারে রক্তদান শিবির
মুমূর্ষু রোগীর জীবন বাঁচাতে রক্তদানের
কোনও বিকল্প নেই : মুখ্যমন্ত্রী

মুমূর্ষু রোগীর রক্তের প্রয়োজনীয়তা রক্তদানের মাধ্যমে মানুষই সমাধান করতে সক্ষম। মুমূর্ষু রোগীর জীবন বাঁচাতে রক্তদানের কোনও বিকল্প নেই। আজ আগরতলা মহারাজগঞ্জ বাজারে মৎস্য ব্যবসায়ী সমিতির উদ্যোগে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, রক্তদানে মানুষকে আরও বেশি করে এগিয়ে আসতে হবে। ১৮ থেকে ৬৫ বছর বয়সী সুস্থ নাগরিক সবাই রক্তদান করতে পারেন। তবে রক্তের চাহিদা এবং সরবরাহের মধ্যে সমতা থাকা দরকার। সেই বিষয়েও লক্ষ্য রাখতে হবে। রাজ্যে রক্ত সঞ্চালন পর্ষদ এই বিষয়টির উপর নজর রাখছে। মুখ্যমন্ত্রী বলেন, আজকাল রক্তদানে মহিলারাও এগিয়ে আসছেন। যা খুবই গর্বের বিষয়। মুখ্যমন্ত্রী মৎস্য ব্যবসায়ী সমিতির এই সামাজিক উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন।

অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, রক্তদান একটি মহৎ সামাজিক কর্মসূচি। মানুষের সেবায় সবাইকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহারাজগঞ্জ মৎস্য ব্যবসায়ী সমিতির সভাপতি সুবীর দাস। উপস্থিত ছিলেন বিধায়ক তথা আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত, ত্রিপুরা মার্কেফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা প্রমুখ। অনুষ্ঠানে মহারাজগঞ্জ বাজার মৎস্য ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫০ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়।
